

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং: ৩২.০১.০০০০.০০৩.১৯.০২৯.২০-৭৬২

তারিখঃ ২৮/০১/২০২৪খ্রি.

বিষয়: “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের ফিল্ড সুপারভাইজরদের কর্মএলাকা পুনর্বন্টন প্রসঙ্গে।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পের মাঠ পর্যায়ের কাজ পরিদর্শন ও মনিটরিংয়ের জন্য উপপরিচালকের কার্যালয়ে এক বা একাধিক ফিল্ড সুপারভাইজরকে পদায়ন করা হয়েছে। যেসব জেলায় একাধিক ফিল্ড সুপারভাইজর কর্মরত রয়েছেন, তারা একই উপজেলায় দীর্ঘদিন দায়িত্বপালন করছেন মর্মে জানা গিয়েছে। টেকনিক্যাল পদ ব্যতীত একই কর্মস্থলে দীর্ঘদিন দায়িত্বপালন প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সঠিক নয়।

এমতাবস্থায় যেসব জেলায় একাধিক ফিল্ড সুপারভাইজর কর্মরত রয়েছেন তাদের বর্তমান কর্মএলাকা পুনর্বন্টন করে আগামী ১০/০২/২০২৪ তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়কে অবহিত করার জন্য সকল উপপরিচালককে অনুরোধ করা হলো। তবে সম্প্রতি কর্মএলাকা পুনর্বন্টন করা হয়ে থাকলে পুনরায় এ বিষয়ে কার্যক্রম গ্রহণের প্রয়োজন নেই। উল্লেখ্য আগামী ১০/০২/২০২৪ তারিখের মধ্যে কোন উপপরিচালক এ কার্যক্রম সম্পাদনে ব্যর্থ হলে প্রকল্প কার্যালয় থেকে ফিল্ড সুপারভাইজরদের কর্মএলাকা পুনর্বন্টন করে দেওয়া হবে।



মোঃ ইকবাল হোসেন

যুগ্মসচিব

প্রকল্প পরিচালক (অ: দা:)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপপরিচালক (সকল জেলা)

মহিলা বিষয়ক অধিদপ্তর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে:

১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)

২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)

৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪। ফিল্ড সুপারভাইজরগণ (সকল জেলা)

৫। অফিস কপি।